পানি সম্পদ মন্ত্রণালয়ের SDGs

২০৩০ সাল নাগাদ জাতিসংঘ ঘোষিত ১৬৯টি লক্ষ্যমাত্রার ১৭টি টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে বাংলাদেশ সরকার দৃঢ় অঙ্গীকারবদ্ধ। জলবায়ু পরিবর্তন এবং ভবিষ্যতের প্রয়োজন বিবেচনায় ফলপ্রসু বাস্তবায়নকে গুরুত্ব দিয়ে খাতভিত্তিক জাতীয় ও বৈশ্বিক লক্ষ্য এবং পরিকল্পনাসমূহকে দীর্ঘমেয়াদী কৌশলের সাথে সমন্বয় করার চ্যালেঞ্জ সরকার গ্রহণ করেছে। এসডিজির এই চ্যালেঞ্জ উত্তরণে পানি সম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড ৩টি লক্ষ্যমাত্রা (৬.৫, ৬.৬, ১৪.২) অর্জনে কার্যক্রম পরিচালনা করছে। SDG ৬.৫ লীড, ১টি লক্ষ্যমাত্রা (৬.এ) অর্জনে কো-লীড এবং ২০টি লক্ষ্যমাত্রা অর্জনে এসোসিয়েট হিসেবে দায়িত্ব পালন করছে। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এসডিজি লক্ষ্য ৬.৫.১ (Degree of integrated water resources management implementation (0-100)) এর ফোকাল সংস্থা হিসেবে দায়িত্বরত। UNEP কর্তৃক সরবরাহকৃত প্রশ্নাবলী যথাযথভাবে পূরণকরতঃ এসডিজি বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে জাতিসংঘ, SDG Tracker, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে দাখিল করা হচ্ছে। ২০১৭ সালে UNEP প্রণীত গাইডলাইন অনুসারে বাংলাদেশের স্কোর ছিল ৫০। ২০২০ সালের অগ্রগতি প্রতিবেদন অনুযায়ী আমাদের স্কোর ৫৮, যা দক্ষিণ এশিয়ার মধ্যে সর্বোচ্চ। এছাড়াও যৌথ নদী কমিশন, বাংলাদেশ লক্ষ্যমাত্রা ৬.৫.২ (Proportion of transboundary basin area with an operational arrangement for water cooperation) বাস্তবায়নে কাজ করছে। ২০২২ সাল পর্যন্ত সমগ্র GBM বেসিন এলাকায় ৩৮% কো-অপারেশন এর আওতাভুক্ত করা হয়েছে।

ছকঃ এসডিজি সূচক সংশ্লিষ্ট প্রকল্প পরিচিতি

ক্রঃনং	প্রকল্পের ধরণ	এসডিজি
০১	সেচ প্রকল্প	১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২, ১৫.১
০২	বন্যা নিয়ন্ত্রণ ও নিষ্কাশন	১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১৫.১
০৩	বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন ও সেচ	১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২, ১৫.১
০৪	বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন, সেচ ও ড্রেজিং	১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২, ১৩.১, ১৫.১
০৫	রিভার ম্যানেজম্যান্ট/নদী ব্যবস্থাপনা	১.৫, ২.৪, ৬.৪, ৬.৫, ৬.৬, ১২.২, ১৫.১
০৬	নদী পুনরুদ্ধার	১.৫, ৬.৩, ৬.৫, ৬.৬, ১১.৫, ১৫.১
০৭	সমন্বিত পানিসম্পদ ব্যবস্থাপনা	১.৫, ২.৩, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২, ১৩.১, ১৫.১, ১৫.৩
০৮	ড্রেজিং/খনন	১.৫, ২.৪, ৬.৫, ৬.৬, ১২.২, ১৫.১
০৯	প্রতিরক্ষা/নদী তীর সংরক্ষণ কাজ	১.৫, ২.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১২.২
১০	উপকূলীয় বাঁধ উন্নয়ন / হাওড় ব্যবস্থাপনা	১.৫, ২.৪, ৫.৫, ৬.৪, ৬.৫, ৬.৬, ১১.৫, ১৩.১, ১৪.১, ১৪.২, ১৫.১
১১	পোল্ডার পুনবার্সন	১.৫, ২.৪, ৬.৫, ৬.৬, ১২.২, ১৩.১, ১৫.১
১২	চর উন্নয়ন ও বসতি স্থাপন	১.৫, ২.৪, ৫.৫, ৬.৫, ৬.৬, ১১.৫, ১৩.১, ১৪.১, ১৪.২, ১৫.১
১৩	ক্রস ড্যাম নির্মাণ	১.৫, ২.৩, ৬.৫, ৬.৬, ১৩.১, ১৫.৩
১৪	অন্যান্য প্রকল্প	৬.৫